

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টমস বন্ড কমিশনারেট
৩৪২/১, সেগুনবাগিচা, ঢাকা।

নথি নং- ৫(১৩)২১৭/কাস-বন্ড/(সদর)/অফিস আদেশ/২০১০/৮৭৬৬(৬)

তারিখ : ২৯/৫/২০১২

অফিস আদেশ

এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ইদানিং বিভিন্ন বিষয়ে বন্ডারদের আবেদনের ওপর সিদ্ধান্ত দিতে অনাকাঙ্ক্ষিত বিলম্ব হচ্ছে বলে প্রতীয়মান। এর অন্যতম প্রধান কারণ হলো আবেদন গ্রহণের পর শাখা হতে তা উপস্থাপন এবং সংশ্লিষ্ট সহকারী রাজস্ব কর্মকর্তা কর্তৃক বিলম্বে মতামত প্রদান করা। এ প্রেক্ষিতে নিম্নরূপ আদেশ প্রদান করা হলো:

- (ক) প্রতিটি পত্র শাখা হতে ২(দুই) কার্যদিবসের মধ্যে উপস্থাপন করতে হবে। সম্ভব হলে যে দিনের পত্র সেদিনই উপস্থাপনের চেষ্টা করতে হবে।
- (খ) অডিট ব্যতীত অন্যান্য বিষয়ে সংশ্লিষ্ট সহকারী রাজস্ব কর্মকর্তা সর্বোচ্চ দুই কার্যদিবসের মধ্যে প্রস্তাব পেশ করবেন। অডিটের ক্ষেত্রে এ সময় হবে সর্বোচ্চ ৭ কার্যদিবস।
- (গ) রাজস্ব কর্মকর্তা সর্বোচ্চ দুই কার্যদিবসের মধ্যে তার মতামত প্রদান করে নথি সহকারী/ডেপুটি কমিশনার বরাবর প্রেরণ করবেন। সহকারী কমিশনার ও তদূর্ধ্ব কর্মকর্তাগণ সংশ্লিষ্ট দিনেই নথিতে প্রয়োজনীয় সিদ্ধান্ত প্রদান করার চেষ্টা করবেন।
- (ঘ) রাজস্ব কর্মকর্তা হতে সহকারী কমিশনার/ডেপুটি কমিশনার বরাবর নথি অগ্রায়ণের সময় নোট শীটের বাম পাশে নিম্নোক্ত সীল দিয়ে তথ্য প্রদান করতে হবে। যথা:

নথি উপস্থাপনের জন্য	
(ক) পত্র গ্রহণের তারিখ	:
(খ) শাখা হতে উপস্থাপনের তারিখ	:
(গ) এআরও -এর সুপারিশ প্রদানের তারিখ	:
(ঘ) আরও -এর সুপারিশ প্রদানের তারিখ	:

- (ঙ) উপর্যুক্ত অনুচ্ছেদসমূহে সহকারী রাজস্ব কর্মকর্তা হতে কমিশনার পর্যন্ত প্রদত্ত সময়সীমার মধ্যে অনিবার্য কারণে সম্পন্ন করা সম্ভব না হলে তা তৎপরবর্তী কর্মকর্তার অনুমোদন গ্রহণ করতে হবে।
- (চ) উল্লিখিত বিধান ইউপি শাখা ব্যতীত অন্য সকল শাখার জন্য প্রযোজ্য হবে।

স্বাক্ষরিত/-
(এম. হাফিজুর রহমান)
কমিশনার